

অনিয়মের অভিযোগ

ঢাবির 'চ' ইউনিটের খাতা
পুনর্মূল্যায়নের দাবিতে স্মারকলিপি

বিধিবিধাঙ্গের বিপক্ষে: ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১২-১৩ শিক্ষাবর্ষে 'চ' ইউনিটের অধীনে অন্তর্ভুক্ত চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষার খাতা পুনর্মূল্যায়নের দাবি জানিয়েছেন অর্ধসত্যিক শিক্ষার্থী। এছাড়া আগামীকাল (শনিবার) মৌখিক পরীক্ষা হুগিত করার দাবিতে অনুষদের সামনে অবস্থান কর্মসূচি পালন করবেন তারা।

গতকাল (বৃহস্পতিবার) শিক্ষার্থীরা ডিসি প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর কার্যালয়ের সামনে অবস্থান ও স্মারকলিপি প্রদান পেয়ে এ ঘোষণা দেন। এ সময় তারা সাংবাদিকদের কাছে তাদের দাবি তুলে বলেন। তারা বলেন, পরীক্ষার নির্ধারিত খাতা ও ব্যবহারিক উত্তর বিষয়েই খাতা পুনর্মূল্যায়ন করতে হবে। সম্প্রতি অনুষদের তিনের একটি সিদ্ধান্তে চারুকলা অনুষদের অধীনে অন্তর্ভুক্ত ও ভর্তি পরীক্ষায় ব্যাপক অনিয়মের অভিযোগ ওঠে।

তুর্কভেদী শিক্ষার্থীরা বলেন, ভর্তি পরীক্ষার খাতা মূল্যায়নে চরম অবহেলা ও অনিয়ম করেছে কর্তৃপক্ষ। আমাদের সঙ্গে কেউই করে ঘর। সব সময় নিয়মের পেছনে এবং ভর্তি পরীক্ষা খাতায় তারা ভাল উত্তর দিতে পারেনি তারা চাপ পেয়েছে। অথচ তারা এখন পর্যন্ত অনেক প্রশ্নের উত্তর ও জানে।

আমাদের লক্ষ্য সর্বোচ্চ সফলতা করা। প্রশাসনের উচিত যথাযথভাবে আমাদের খাতাগুলো পুনরায় মূল্যায়ন করা। কর্তৃপক্ষ আমাদের দাবি মেনে না নিলে প্রয়োজনে উচ্চ আদালতে রিট মামলা করা হবে। দাবি আদায় নিশ্চিত করতেই আমাদের এটা করতে হবে।

এর আগে সকাল সাড়ে ১১টা থেকে দেড়টা পর্যন্ত ডিসি কার্যালয়ের সামনে অবস্থান করেন এবং তাকে স্মারকলিপি দেন। স্মারকলিপিতে তাদের খাতা মূল্যায়নে অনিয়ম পূর করে এবং আগের ফলাফল বাতিল করে পুনরায় খাতা মূল্যায়নের দাবি জানান।

এ সময় শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, পরীক্ষার ফলাফল প্রকাশের পর নিয়ম অনুযায়ী খাতা পুনর্মূল্যায়নের জন্য আবেদন করলে পরীক্ষা কমিটির কোন সাড়া পাওয়া

হয়নি। কর্তৃপক্ষ আমাদের খাতা পুনর্মূল্যায়ন না করেই মৌখিক পরীক্ষার তারিখ ঘোষণা করেছে।

বিখ্যাত সরকার বাবী নামে এক শিক্ষার্থী জানান, আমার খাতা পুনর্মূল্যায়নের আবেদন করলেও পরীক্ষা কমিটি তা করেনি। তারা শুধু আমার ওএমআর খাতা দেখেছে যাতে শেষের সময় ওভার রাইট করা হয়েছে কিন্তু ব্যবহারিক খাতা দেখেনি।

এদিকে আন্দোলনকারীদের কর্মসূচিতে বাধা দিয়েছে পরীক্ষার উত্তীর্ণ শিক্ষার্থীরা। তাদের দাবি যথাযথভাবেই পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। এতে কোন অনিয়ম করা হয়নি।

এ বিষয়ে চারুকলায় তিন এমদানুল হক মো মতদুব আলী সাংবাদিকদের বলেন, সামনে আগের তিন নির্বাচনকে কেন্দ্র করে উদ্বেগ প্রযোজিতভাবে শিক্ষার্থীদের নিয়ে এ আন্দোলন কমানো হচ্ছে। তিনি বলেন, আদালতে রিট করা হলে তা শুধু মৌখিক পরীক্ষা হুগিত করতে পারবে পরীক্ষার ফলাফল বাতিল করতে পারবে না।